

## যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০২৪

১/ বিবিধ

আরবী

إِنَّ الْعَبْدَ إِذَا قَامَ فِي الصَّلَاةِ فَإِنَّهُ بَيْنَ عَيْنَيِ الرَّحْمَنِ، فَإِذَا تَلَتَّفَ قَالَ لَهُ الرَّبُّ: يَا ابْنَ آدَمَ إِلَى مَنْ تَلَتَّفَ؟! إِلَى مَنْ [هُوَ] خَيْرٌ لَكَ مِنِّي؟! ابْنَ آدَمَ أَقْبَلَ عَلَى صَلَاتِكَ فَأَنَا خَيْرٌ لَكَ مَنْ تَلَتَّفَ إِلَيَّهِ  
ضعيف جداً

رواہ العقیلی فی "الضعفاء" (ص 24) والبزار فی "مسنده" (553 - کشف الأستان) عن إبراهیم بن یزید الخوزی عن عطاء قال سمعت أبا هريرة قال: قال رسول الله صلی الله علیه وسلم: فذکرہ، والسیاق للعقیلی، ولفظ البزار: "بین یدی الرحمن وروی العقیلی عن ابن معین أنه قال إبراهیم هذا ليس بشيء، وعن البخاری أنه قال: سكتوا عنه، وقال أحمد والنسائي: متrock الحديث، وقال ابن معین: ليس بثقة ومن هذه الطريقة رواه الواحدی فی "الوسیط" (3/86/1)، والحديث أورده فی "المجمع" (2/80) و"الترغیب" (1/191) من رواية البزار، وضعفاء، وأورده ابن القیم فی "الصواعق المرسلة" (2/39) بلفظ العقیلی، ساكتا عليه، وليس بجيد، ولذلك أوردته لأبين حقيقة حاله ورواه البزار (552) من حديث جابر نحوه من رواية الفضل بن عيسى الرقاشی عن محمد بن المنکدر عن جابر، والفضل هذا منکر الحديث كما قال الحافظ في التقریب

১০২৪। বান্দা যখন সালাতের মধ্যে দাঁড়ায় তখন সে রহমানের দু'চোখের সম্মুখে হয়। ফলে সে যখন অন্য দিকে দৃষ্টি দেয় তখন প্রভু তাকে বলেনঃ হে আদম সন্তান! কার দিকে তাকাচ্ছ? কার দিকে তাকাচ্ছ সেকি তোমার জন্য আমার চেয়ে বেশী উত্তম? হে আদম সন্তান! তুমি তোমার সালাতে মনোযোগী হও (আমার দিকে ধাবিত হয়ে), কারণ যার দিকে তুমি দৃষ্টি দিচ্ছ তার চেয়ে আমিই তোমার জন্য বেশী উত্তম।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি উকায়লী "আয়-যুয়াফা" গ্রন্থে (পৃঃ ২৪) এবং বায়বার তার "মুসনাদ" (৫৫৩) গ্রন্থে ইবরাহীম ইবনু ইয়ায়ীদ আল-খুয়ী হতে, তিনি আতা হতে, তিনি বলেন, আমি আবু হুরাইরাহ (রাঃ) হতে শুনেছি, তিনি বলেন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...। এটি উকায়লীর ভাষা। বায়বারের ভাষায় এসেছেঃ بَيْنِ يَدِي الرَّحْمَنِ 'রহমানের সম্মুখে।'

উকায়লী ইবনু মাস্টিন হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ এ ইবরাহীম কিছুই না। তিনি বুখারী হতেও বর্ণনা করেছেন, তিনি বলেনঃ মুহাদ্দিসগণ তার ব্যাপারে চুপ থেকেছেন। ইমাম আহমাদ ও নাসাই বলেনঃ তিনি মাতরাকুল হাদীস। ইবনু মাস্টিন বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

এ সূত্রেই ওয়াহেদী "আল-ওয়াসীত" (৩/৮৬/১) গ্রন্থে বর্ণনা করেছেন।

হাদীসটি হায়সামী "আল-মাজমা" (২/৮০) গ্রন্থে এবং মুনয়েরী "আত-তারগীব" (১/১৯১) গ্রন্থে বায়বারের বর্ণনায় উল্লেখ করে তারা দু'জন তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

বায়বার (৫৫২) জাবেরের হাদীস হতে ফাযল ইবনু ঈসা আর-রাকাশীর বর্ণনা থেকে অনুরূপভাবে বর্ণনা করেছেন।

এ ফাযল মুনকারুল হাদীস যেমনটি হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদীসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

৩ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71903>

৩ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন